



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বচ্ছলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-১২০/২০১৭/২৬৪৬৪ তারিখ:

০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রি.


অফিস আদেশ

বিজুল দারুল হুদা কামিল মাদ্রাসা, ডাকঘর: বিজুল মাদ্রাসা, উপজেলা: বিরামপুর, জেলা: দিনাজপুর-এর কামিল (স্নাতকোত্তর) হাদীস, তাফসীর, ফিকহ ও আদব বিভাগে অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৮.০২.২০২৩খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২১ খ্রি. থেকে ৩০.০৬.২০২৫ খ্রি. ও কামিল (স্নাতকোত্তর) তাফসীর ও ফিকহ বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২২ খ্রি. থেকে ৩০.০৬.২০২৬ খ্রি. এক কামিল (স্নাতকোত্তর) আদব বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ৩০.০৬.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং লাইব্রেরীতে পড়াশোনার পরিবেশ নিশ্চিত করতে হবে।
৩. মাদরাসার স্থাবর অস্থাবর সম্পত্তি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
৪. কামিল ও ফাজিল স্তরের শিক্ষার্থীদের মধ্যে গবেষণা সংক্রান্ত বিষয়ে উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় ব্রবন্তা গ্রহণ করতে হবে।
৫. মাদরাসার অভ্যন্তরীণ কমিটিসমূহ সক্রিয় করে তার যথাযথ কার্যক্রম পরিচালনা করতে হবে।
৬. কামিল (স্নাতকোত্তর) বিভাগের জন্য নির্দিষ্ট শ্রেণি কক্ষ ও বিভাগীয় অফিস বরন্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭. মাদরাসার সকল পর্যায়ের ক্রয়কার্য সম্পাদনের ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণ করতে হবে।
৮. শিক্ষকবৃন্দের ছুটি সংক্রান্ত রেজিস্ট্রার এবং অন্যান্য রেজিস্ট্রার ব্যবস্থাপনার জন্য যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন যুক্ত করে তা অথরাইজড করতে হবে।
৯. মাদরাসার সাইনবোর্ড ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য জায়গায় 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্তি' কথাটি লিখতে হবে।
১০. মাদরাসার সকল প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ করে তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
১১. শিক্ষক-শিক্ষিকাদের জন্য পৃথক পৃথক টয়লেটের ব্যবস্থা করতে হবে।
১২. ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে এবং বাৎসরিক সকল আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে
১৩. মাদরাসার চারপাশে সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।
১৪. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(ড. জাবেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

বিজুল দারুল হুদা কামিল মাদ্রাসা


ডাকঘর: বিজুল মাদ্রাসা, উপজেলা: বিরামপুর, জেলা: দিনাজপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-১২০/২০১৭/২৬৪৬৪ তারিখ:

০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, বিজুল দারুল হুদা কামিল মাদ্রাসা, ডাকঘর: বিজুল মাদ্রাসা, উপজেলা: বিরামপুর, জেলা: দিনাজপুর।
- ৮। অফিস নথি।


(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪